



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৬/০২/২০১৯ খ্রি:

## মাদক বিরোধী মিনি ম্যারাথন দৌড়-২০১৯ প্রতিযোগিতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৮০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে মাদক বিরোধী মিনি ম্যারাথন দৌড় প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। কারসা ফাউন্ডেশনের আয়োজনে বরিশাল জেলা ক্রীড়া অফিস এবং বরিশাল বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা দপ্তরের তত্ত্বাবধায়নে অদ্য ২৬ ফেব্রুয়ারি ২০১৯ সকাল ৮ ঘটিকায় বিশ্ববিদ্যালয় সংলগ্ন ভোলা-বরিশাল মহাসড়কে এ মিনি ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের উৎসাহ প্রদান করেন। এরপর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পুরস্কার বিতরণ করেন উপাচার্য মহোদয়। এসময় তিনি উপস্থিত প্রতিযোগীদের উদ্দেশ্যে বলেন, খেলাধুলা চর্চা শরীর ও মনকে প্রফুল্ল রাখে। মাদকমুক্ত সুস্থ জীবন গড়তে খেলাধুলার কোন বিকল্প নেই। তোমরা সবসময় মাদক থেকে দূরে থাকবে এবং অন্যকেও মাদকমুক্ত রাখতে সচেষ্ট থাকবে। আর এভাবে সকলের সম্মিলিত প্রয়াসেই একটি মাদকমুক্ত জাতি গঠন সম্ভব হবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন রেজিস্ট্রার ড. মোঃ হাসিনুর রহমান, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তারিকুল হক, সিএসই বিভাগের প্রভাষক মোঃ ইরফান, পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপ-পরিচালক মোঃ হুমায়ুন কবীর, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুব্রত কুমার বাহাদুর, নির্বাহী প্রকৌশলী মুরশীদ আবেদীন, শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপ, সহকারী রেজিস্ট্রার ড. এ এফ এম বোরহান উদ্দীন, সহকারী রেজিস্ট্রার দিদার হোসেন খান, জেলা ক্রীড়া অফিসার বরিশাল হুসাইন আহমাদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এ প্রতিযোগিতার অন্যতম সহযোগি হিসেবে দায়িত্ব পালন করেন পিকেএসএফ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস